গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৬৯.২০২০-৩৭৭

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

বিষয়: "রংপুর সিটি কর্পোরেশনের জন্য যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়" শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০২১-২২ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদনসহ ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অর্থ ছাড় সংক্রান্ত।

সূত্র: রংপুর সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা ৪৬.১৮.০০০০.৫০০.১২.০০১.২২.২৪৭, তারিখ: ১৮/০৫/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পের ছাড়কৃত অর্থ ২টি ব্যাংক হিসাবে রেখে ব্যয় করা হচ্ছে। ব্যাংক হিসাব ২টির মধ্যে ১টি হিসাব সংশ্লিষ্ট প্রকল্পের নামে এবং আরেকটি হিসাব মেয়র, রংপুর সিটি কর্পোরেশনের নামে খোলা হয়েছে। প্রকল্পের নামে একটিমাত্র ব্যাংক হিসাব থাকাই সমীচীন।

২। এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পের নামে (ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে নয়) একটিমাত্র ব্যাংক হিসাব সংরক্ষণপূর্বক ব্যাংক হিসাবের সাথে সামঞ্জস্য রেখে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/৬/২২

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৪৫৪১৬
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল) [*সিটি কর্পোরেশনের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের নামে (ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে নয়) একটিমাত্র ব্যাংক হিসাব সংরক্ষণের জন্য বলা হলো।*]
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।